# বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল
# Bangladesh Veterinary Council

৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-১০০০।

ফোন ঃ ৭৩৪৩২৬০, ফ্যাক্সঃ ৫৭৩১১৪২১, ই-মেইলঃ info@bvc.gov.bd, ওয়েবসাইটঃ www.bvc.gov.bd


## বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল কর্তৃক অনুমোদিত সদস্য নির্বাচন পদ্ধতি

বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল এ্যাক্ট-১৯৮৬ এর ৩নং ধারার উপধারা-১ এর (খ) ও বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল রেগুলেশন ৮(৪) ধারা মতে প্রত্যেক প্রশাসনিক বিভাগ হইতে একজন করিয়া রেজিষ্টার্ড ভেটেরিনারি প্র্যাকটিশনারকে বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের সদস্য হিসেবে নির্বাচনের পদ্ধতি।

১। নির্বাচন কর্তৃপক্ষের চেয়ারম্যান সম্বোধন করতঃ বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল কার্যালয়, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-১০০০ এই ঠিকানায় নির্বাচন সংক্রান্ত সকল যোগাযোগ করিতে হইবে।

২। অধ্যাদেশের বিধান ও রেগুলেশনের সংশ্লিষ্ট ধারা অনুসরণপূর্বক নির্বাচন কর্তৃপক্ষ নির্বাচন অনুষ্ঠান করিবেন ও সমস্ত ব্যাপারে নিরপেক্ষ থাকিবেন।

৩। ক) সরাসরি ব্যালটের মাধ্যমে বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল অফিস ঢাকায় ও নির্বাচন কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভাগীয় অফিসসমূহে নির্বাচনী কর্মসূচীতে উল্লিখিত তারিখ ও সময়ে ভোট গ্রহণ করা হইবে।

খ) ভোটারগণ নির্বাচনী কর্মসূচীতে বর্ণীত তাঁহার বিভাগীয় ভোট কেন্দ্রে উপস্থিত হইয়া হালনাগাদ আইডি কার্ড (কাউন্সিল প্রদত্ত) প্রদর্শন পূর্বক নিজে নির্বাচন কর্তৃপক্ষের নিকট হইতে ব্যালট পেপার সংগ্রহ করিবেন ও সরাসরি উক্ত কেন্দ্রে রক্ষিত ব্যালট বাক্সে ভোট প্রদান করিবেন।

গ) নির্বাচন কর্তৃপক্ষ সকল কেন্দ্রের ভোট গ্রহণ শেষে ব্যালট বাক্স উপস্থিত প্রার্থীদের অথবা তাঁহাদের মনোনীত ব্যক্তির (যদি উপস্থিত থাকেন) উপস্থিতিতে ব্যালট বাক্স খুলিয়া ভোট গণনা করতঃ ফলাফল স্থানীয়ভাবে প্রাথমিক ঘোষণা করিবেন ও রেজাল্ট শীট সিলগালা করিয়া বিশেষ বাহক মারফত চেয়ারম্যান, নির্বাচন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করিবেন এবং চুড়ান্ত ফলাফল চেয়ারম্যান কর্তৃক নির্বাচন অফিস হইতে প্রকাশ করা হইবে।

৪। নির্বাচনের পদ্ধতি ও কর্মসূচী (১) মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা; (২) মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্সটিটিউট, সাভার, ঢাকা; (৩) পরিচালক (গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন), প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালি, ঢাকা (৪) আর.ভি এন্ড এফ.সি, সাভার সেনানিবাস, সাভার, ঢাকা; (৫) ডিন, ভেটেরিনারি অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ; (৬) ডিন, ভেটেরিনারি মেডিসিন অনুষদ, চট্টগ্রাম ভেটেরিনারি এন্ড এ্যানিমেল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম; (৭) ডিন, ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্স অনুষদ, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট; (৮) ডিন, ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্স অনুষদ, হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর; (৯) ডিন, এনিমেল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী; (১০) ডিন, ভেটেরিনারি এন্ড এনিমেল সাইন্সেস অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী; (১১) ডিন, ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্স অনুষদ, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর; (১২) ডিন, এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা; (১৩) ডিন, ভেটেরিনারি, এনিম্যাল ও বায়োমেডিক্যাল সায়েন্সেস অনুষদ, খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা; (১৪) বিভাগীয় প্রধান, ভেটেরিনারি সায়েন্স এন্ড এনিম্যাল হাজবেন্ড্রি বিভাগ, তিস্তা বিশ্ববিদ্যালয়, মডার্ন মোড়, রংপুর; (১৫) বিভাগীয় প্রধান, লাইভস্টক সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন বিভাগ, গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ; (১৬) ডিন, ভেটেরিনারি মেডিসিন এন্ড এনিম্যাল সাইন্স অনুষদ, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (সিরাজগঞ্জ ক্যাম্পাস), বেলকুচি, সিরাজগঞ্জ; (১৭) ডিন, ভেটেরিনারি মেডিসিন এন্ড এনিম্যাল সায়েন্স অনুষদ, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয় (অস্থায়ী ক্যাম্পাস) ভাদৈ, হবিগঞ্জ; (১৮) ডিন, ভেটেরিনারি মেডিসিন অনুষদ, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ঝিনাইদহ ক্যাম্পাস, হলিধানি, ঝিনাইদহ; (১৯) ডিন, ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদ, গণ বিশ্ববিদ্যালয়, নলাম ক্যাম্পাস, সাভার, ঢাকা; (২০) মহাসচিব, বাংলাদেশ ভেটেরিনারি এসোসিয়েশন (বিভিএ), ঢাকা; (২১) পরিচালক, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা; (২২-২৩) পরিচালক, ভিটিআই, ময়মনসিংহ/আলমডাঙ্গা; (২৪-২৫) পরিচালক, এলটিআই, গাইবান্ধা/সিলেট; (২৬) পরিচালক, ঢাকা চিড়িয়াখানা, ঢাকা; (২৭-২৮) ব্যবস্থাপক, সরকারী দুগ্ধ খামার, রাজশাহী/ ফরিদপুর; (২৯) মহাপরিচালক, বাংলাদেশ ঔষধ প্রশাসন অধিদপ্তর; (৩০) ওয়াপসা, বাংলাদেশ শাখা, ঢাকা; (৩১) আহ্কাব (AHCAB), বাংলাদেশ কার্যালয়, ঢাকা; (৩২) ভেট এক্সিকিউটিভ কার্যালয়, ঢাকা; (৩৩) সকল জেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়-এর বরাবরে সকলের অবগতির জন্য একই সংগে প্রেরণ করা হইবে।

৫। (১) নির্বাচন কর্তৃপক্ষ অধ্যাদেশের ৩নং ধারার উপধারা-১ এর (খ)-এ বর্ণিত বিধানমতে সদস্য নির্বাচনের জন্য নির্বাচনের সময়সূচি ন্যূনপক্ষে ২টি দৈনিক সংবাদ পত্রে (১টি বাংলা ও ১টি ইংরেজী) ও কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করিবে যাহাতে নিম্ন লিখিত বিষয়গুলি উল্লেখ থাকিবেঃ-

ক) খসড়া ভোটার তালিকা প্রকাশের তারিখ,
খ) খসড়া ভোটার তালিকার উপর অভিযোগ দাখিলের শেষ তারিখ,
গ) চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের তারিখ,
খ) মনোনয়নপত্র সংগ্রহের তারিখ,
ঙ) মনোনয়ন পত্র দাখিলের শেষ তারিখ,
চ) মনোনয়ন পত্র বাছাইয়ের ও বৈধ প্রার্থীদের নাম ঘোষণার তারিখ,
ছ) মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ তারিখ,
জ) প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশের তারিখ,
ঝ) বিভাগওয়ারী ভোট গ্রহণের তারিখ, সময় ও স্থান,
ঞ) সকল কেন্দ্রের সরকারিভাবে চূড়ান্ত ফলাফল ঘোষণার তারিখ, সময় ও স্থান।

৬। নির্বাচনের ফলাফল চূড়ান্ত হওয়ার ৩(তিন) দিনের মধ্যে নির্বাচন কর্তৃপক্ষ কাউন্সিলের পুর্নাংগ কমিটির নাম গেজেটে প্রকাশের জন্য সরকারের নিকট প্রেরণ করিবে।

৭। (১) অধ্যাদেশের ৩নং ধারার উপধারা-১ এর (খ) এর বিধান অনুযায়ী প্রতিটি প্রশাসনিক বিভাগ হইতে ১ (এক) জন করিয়া রেজিষ্টার্ড ভেটেরিনারি প্র্যাকটিশনার বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের সদস্য হিসেবে নির্বাচিত হইবেন। যে সমস্ত ভেটেরিনারি প্র্যাকটিশনারগণ ২৮-০২-২০২৬ তারিখ পর্যন্ত রেজিষ্ট্রিভুক্ত হইয়াছেন কেবল মাত্র তাঁহারাই সদস্য পদে মনোনয়ন লাভ ও ভোট দানে যোগ্যতা অর্জন করিবেন।

(২) নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচন কর্তৃপক্ষ কাউন্সিল অফিসে সংরক্ষিত রেকর্ড অনুসারে রেজিষ্টার্ড ভেটেরিনারি প্র্যাকটিশনারদের সমন্বয়ে বিভাগওয়ারী একটি খসড়া ভোটার তালিকা প্রনয়ন ও প্রকাশ করিবেন এবং ইহার উপর প্রাপ্ত আপত্তি সমূহ বিবেচনা করিয়া পরবর্তী সময়ে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করিবেন। চূড়ান্ত ভোটার তালিকায় প্রকাশিত ভোটারগন যে বিভাগ হইতে ভোটার হইয়াছেন তাহারা সংশ্লিষ্ট প্রশাসনিক বিভাগীয় প্রার্থীকে ভোট দিতে ও ঐ বিভাগ হইতে সদস্য পদের প্রার্থী হইতে পারিবেন।

(৩) উপরোক্ত ভোটার তালিকা অফিস চলাকালীন সময় ৪নং ধারায় বর্ণিত অফিসসমূহে/কাউন্সিলের ওয়েবসাইটে (www.bvc.gov.bd / bvc.portal.gov.bd) দেখা যাইবে।

(৪) উপরে বর্ণিত এই ভোটার তালিকায় ভোটারদের নাম ঠিকানা অন্তর্ভুক্তি সম্পর্কে কোন অভিযোগ থাকিলে তাহা নির্বাচন কর্তৃপক্ষের নিকট খসড়া ভোটার তালিকা প্রকাশের ১৫ (পনের) দিনের মধ্যে লিখিতভাবে দাখিল করিতে হইবে।

(৫) খসড়া ভোটার তালিকার উপর প্রাপ্ত অভিযোগ বিবেচনার পর সংশোধিত ভোটার তালিকা প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষাক্রমে মনোনয়ন পত্র দাখিলের নির্ধারিত তারিখের অন্ততঃ ১৫ (পনের) দিন পূর্বে রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল কর্তৃক প্রকাশ করিতে হইবে এবং উপরোল্লিখিত অফিস সমূহে প্রেরণ করিতে হইবে।

৮। নির্বাচনে যাহারা প্রার্থী হইবেন তাঁহাদের নাম প্রস্তাব ও সমর্থন ভোটার কর্তৃক হইতে হইবে এবং নির্বাচন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত মনোনয়ন ফরমে প্রস্তাব নির্দিষ্ট তারিখের মধ্যে চেয়ারম্যান, নির্বাচন কর্তৃপক্ষ বরাবরে দাখিল করিতে হইবে।

৯। প্রার্থীকে মনোনয়ন পত্র সংগ্রহের সময় রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের অনুকূলে মনোনয়ন ফি বাবদ বিকাশের এর মাধ্যমে ৫০০০ (পাঁচ হাজার) টাকা (অফেরতযোগ্য) জমা দিতে হইবে।

১০। নির্বাচন কর্তৃপক্ষ নিজে উপস্থিত থাকিয়া অথবা প্রতিনিধির মাধ্যমে বিভিন্ন প্রশাসনিক বিভাগের নির্বাচন কেন্দ্রে ভোট গ্রহণ করিবেন।

১১। ঢাকা বিভাগ ছাড়া অন্যান্য বিভাগের বিভাগীয়/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়কে বিভাগীয় ভোট কেন্দ্র হিসেবে গণ্য করা হইবে। ঢাকা বিভাগের ভোট গ্রহণ বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল কার্যালয়, ঢাকাতে সম্পন্ন করা হইবে।

১২। নির্বাচন কর্তৃপক্ষ ব্যালট পেপার ও নির্বাচন সংক্রান্ত অন্যান্য ফরম ও নিয়মাবলী কি হইবে তাহা নির্ধারণ করিবেন।

১৩। নির্বাচন পরিচালনা ও খসড়া ভোটার তালিকা সংক্রান্ত সকল অভিযোগ নিষ্পত্তির ব্যাপারে নির্বাচন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৪। মনোনয়ন পত্র বাছাইয়ের দিন কোন ভোটার কর্তৃক মনোনয়ন সংক্রান্ত কোন অভিযোগ উত্থাপিত হইলে নির্বাচন কর্তৃপক্ষ উহা তদন্ত করিবেন এবং কোন মনোনয়ন পত্র গ্রহণ বা বাতিল সম্পর্কে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৫। (১) যদি কোন প্রশাসনিক বিভাগ হইতে একাধিক বৈধ প্রার্থী পাওয়া না যায় তাহা হইলে একক বৈধ প্রার্থীকে নির্বাচন কর্তৃপক্ষ কাউন্সিল সদস্য হিসেবে নির্বাচিত ঘোষণা করিবেন।

(২) একাধিক বৈধ মনোনয়ন পত্র একটি প্রশাসনিক বিভাগ হইতে পাওয়া গেলে নির্বাচন সূচী অনুযায়ী নির্বাচন অনুষ্ঠিত হইবে।

(৩) যদি কোন প্রশাসনিক বিভাগ হইতে বৈধ কোন মনোনয়নপত্র পাওয়া না যায় তাহা হইলে ঐ বিভাগের নির্বাচনের জন্য নতুনভাবে নির্বাচন কর্মসূচী ঘোষণা ও সেই মোতাবেক নির্বাচন অনুষ্ঠান করা হইবে।

১৬। ভোট গণনা কালে প্রার্থীগণ নিজে অথবা তাঁহাদের লিখিত মনোনীত এজেন্ট ভোট গণনা কেন্দ্রে উপস্থিত থাকিতে পারিবেন।

১৭। যদি ভোট প্রাপ্তির পরিমাণ সমান সংখ্যক হয় তবে সমসংখ্যক ভোটপ্রাপ্ত প্রার্থীদের মধ্যে লটারীর মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হইবে।

১৮। কোন অপরিহার্য কারণে কর্মসূচীতে বর্ণিত সময়ে যদি নির্বাচন অনুষ্ঠান করা না যায় তবে বাস্তবতার নিরিখে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা যাইবে।

১৯। নির্বাচন সম্পর্কিত কোন অভিযোগ থাকিলে প্রার্থীগণ তাহা নির্বাচনী ফলাফল ঘোষণা ও তাহা সরকারী গেজেটে প্রকাশের ১০ (দশ) দিনের মধ্যে নির্বাচন কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে পারিবেন। এই অভিযোগ পত্রের সঙ্গে ফি বাবদ রেজিস্ট্রারের বরাবরে ১০,০০০/- (দশ হাজার) টাকা (অফেরতযোগ্য) বিকাশ এর মাধ্যমে জমা দিতে হইবে।

২০। আবেদনকারীর নির্বাচন সংক্রান্ত আপত্তি উত্থাপনের কারণসমূহ স্পষ্টভাবে বর্ণনা করিতে হইবে।

২১। নির্বাচন কর্তৃপক্ষ নির্বাচন সংক্রান্ত আপত্তি সমূহের নিষ্পত্তির জন্য প্রয়োজনে ২(দুই) সদস্য বিশিষ্ট নির্বাচনী ট্রাইবুনাল গঠন করিবেন।

২২। নির্বাচনী ট্রাইবুনালে অভিযোগ প্রমাণিত হইলে ট্রাইবুনালের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য করা হইবে।

২৩। বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের কোন কর্মকর্তা বা কর্মচারী নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতা বা কোন প্রার্থীর মনোনয়নের প্রস্তাবক বা সমর্থক হইতে পারিবেন না।

২৪। মনোনয়ন পত্রে মনোনয়ন প্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারীর স্বাক্ষর কাউন্সিলের রক্ষিত রেজিস্ট্রেশনের দরখাস্তে দেওয়া নমুনা স্বাক্ষরের সঙ্গে মিলিতে হইবে। কোন স্বাক্ষর না মিলিলে মনোনয়ন পত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

২৫। কোন মনোনয়ন প্রার্থী অন্য কোন প্রার্থীকে প্রস্তাব ও সমর্থন করিতে পারিবেন না এবং একই ব্যক্তি প্রস্তাবক ও সমর্থক হইতে পারিবেন না। এইরূপ ক্ষেত্রে মনোনয়ন পত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

২৬। এক বিভাগের ভোটার অন্য বিভাগের নির্বাচন সংক্রান্ত কোন কাজে অংশ গ্রহণ করিতে পারিবেন না।

(বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের এই নির্বাচন পদ্ধতি ১৫-০৩-২০২৬ তারিখে অনুষ্ঠিত ১২৭তম জরুরী সভায় অনুমোদিত)

১৫,০৩,২০২৬

ডা. মো: মনজুর কাদির
সভাপতি
বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল।